# মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৫০৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ৯১৭]

১১. কিতাবুল জুমআ বা জুমআ পর্ব (كتاب الجمعة)

পরিচ্ছেদঃ মিম্বারের উপর দাঁড়িয়ে ইমাম খুতবা দিবেন

باب الْخُطْبَةِ عَلَى الْمِنْبَرِ

আরবী

ـ حَدِيْثُ سَهْلِ بْنِ سَعْدٍ السَّاعِدِيِّ في أمر الْمِنْبَرِ تَقَدَّمَ وَذِكْرُ صَلاَتِهِ الْقَهْقَرَى، وزاد في هذه: فَلَمَّا فَرَغَ أَقْبَلَ عَلَى النَّاسِ فَقَالَ أَيُّهَا النَّاسُ إِنَّمَا صَنَعْتُ هَذَا لِتَأْتَمُّوا وَلِتَعَلَّمُوا صَلاَتِي. (بخارى:

বাংলা

৫০৪) মিম্বরে নামাযরত অবস্থায় পিছনে ফিরে আসা সম্পর্কে বর্ণিত সাহ্ল বিন সা’দ (রাঃ)এর হাদীছটি পূর্বে অতিক্রান্ত হয়েছে। এই বর্ণনায় এতটুকু বৃদ্ধি করেছেন যে, তারপর নামায শেষ করে মানুষের দিকে ফিরে বললেনঃ হে লোক সকল! আমি এ জন্য এরকম করেছি, যাতে তোমরা আমার অনুসরণ করতে পার এবং আমার নামায আদায় করার পদ্ধতি শিখে নাও।

টিকাঃ সাহ্ল বিন সা’দ হতে বর্ণিত হাদীছটি নিম্নরূপঃ

সাহ্ল বিন সা’দকে জিজ্ঞেস করা হল কোন্ জিনিস দিয়ে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের মিম্বার নির্মাণ করা হয়েছিল? তিনি বললেনঃ লোকদের মধ্যে এ বিষয়ে আমার চেয়ে অধিক অবগত আর কেউ নেই। সেটি ছিল বনের ঝাউ গাছের কাঠ দ্বারা নির্মিত। অমুকের আযাদ করা দাস তা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্য নির্মাণ করেছিল। নির্মাণ শেষে যখন তা স্বস্থানে রাখা হল তখন তিনি সেটির উপর কিবলামুখী হয়ে দাঁড়িয়ে তাকবীর দিলেন। লোকেরা তাঁর পেছনে দাঁড়াল। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মিম্বারের উপর দাঁড়িয়ে কিরাআত পাঠ করলেন এবং রুকূ করলেন। লোকেরাও রুকূ করল। রুকূ থেকে মাথা উঠিয়ে পেছনের দিকে সরে আসলেন এবং যমিনের উপর সেজদা করলেন। তারপর মিম্বারের উপর ফেরত গিয়ে পূর্বের ন্যায় কিরাআত পড়লেন এবং রুকূ করলেন। রুকূ থেকে মাথা উঠিয়ে পেছনে ফেরত এসে যমিনে সিজদাহ করলেন। তারপর নামায শেষ করে মানুষের দিকে ফিরে বললেনঃ হে লোক সকল! আমি এরূপ এ জন্য করেছি, যাতে তোমরা আমার অনুসরণ করতে পার এবং আমার নামায আদায় করার পদ্ধতি শিক্ষা করে নিতে পার।

## English

(to deliver) the Khutba on the pulpit

Narrated Abu Hazim bin Dinar:

Some people went to Sahl bin Sa`d As-Sa`idi and told him that they had different opinions regarding the wood of the pulpit. They asked him about it and he said, "By Allah, I know of what wood the pulpit was made, and no doubt I saw it on the very first day when Allah's Messenger (ﷺ) took his seat on it. Allah's Messenger (ﷺ) sent for such and such an Ansari woman (and Sahl mentioned her name) and said to her, 'Order your slave-carpenter to prepare for me some pieces of wood (i.e. pulpit) on which I may sit at the time of addressing the people.' So she ordered her slave-carpenter and he made it from the tamarisk of the forest and brought it (to the woman). The woman sent that (pulpit) to Allah's Messenger (ﷺ) who ordered it to be placed here. Then I saw Allah's Messenger (ﷺ) praying on it and then bowed on it. Then he stepped back, got down and prostrated on the ground near the foot of the pulpit and again ascended the pulpit. After finishing the prayer he faced the people and said, 'I have done this so that you may follow me and learn the way I pray.' "

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী  বর্ণনাকারীঃ সাহল বিন সা'দ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89802

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন